গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

# টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৫ ডিসেম্বর ২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সম্মেলন কক্ষ (রুম নম্বর ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

১) নভেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | নভেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২২/১১/২০২২ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত নভেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | |

২) নভেম্বর/২০২২ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | সিটিডিআর ফেইজ-২ প্রকল্প | সভায় জানানো হয় যে, জিডি-১ প্যাকেজের কারিগরি বিনির্দেশ প্রণয়নের কাজ এখনও চলমান রয়েছে। বিনির্দেশ না পাওয়ায় ক্রয় প্রক্রিয়া আরম্ভ করা যাচ্ছে না। **সিদ্ধান্ত:** কমিটির আহবায়ক পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) আগামী ৭ দিনের মধ্যে কারিগরি বিনির্দেশ দাখিলের জন্য নির্দেশনা দেয়া হয়। এছাড়া বিনির্দেশ দাখিলের পূর্বে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠান করে মতামত নেয়ার পরামর্শ দেয়া হয়। | কারিগরি বিনির্দেশ প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। দাপ্তরিক ব্যয় প্রাক্কলন কমিটি'র কাজ চলমান রয়েছে। কারিগরি বিনির্দেশ ও দাপ্তরিক ব্যয় প্রাক্কলন পাওয়া গেলে টেন্ডার করা হবে। | যথাসময়ে কারিগরি বিনির্দেশ দাখিল না হওয়ায় সভা মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। এক্ষেত্রে প্রকল্পের অন্যান্য কাজের তুলনায় কারিগরি বিনির্দেশ দাখিলের বিষয়টি অগ্রাধিকার প্রদানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। তিনি আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিনির্দেশ দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন। | কমিটি আলোচনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |
| ২ (ক) | পদোন্নতি সংক্রান্ত গঠিত কমিটির কাজের অগ্রগতি | ক) সভায় পরিচালক (প্রশাসন) জানান যে ১১টি পদের জ্যেষ্ঠতার তালিকা করার জন্য বিটিসিএল এ পত্র প্রেরণ করা হয়েছে। ৪টা পদের (প্রধান সহকারী, উচ্চমান সহকারী, ষাট-মুদ্রাক্ষরিক, ভেহিকেল ইন্সপেক্টর) জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়েছে। বিধি মোতাবেক পদোন্নতি প্রক্রিয়া শুরু করা হবে। **সিদ্ধান্ত:** ক) যে চারটি পদের জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়েছে সেইগুলির পদোন্নতি প্রদানের প্রক্রিয়া আগামী ১৬ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের পূর্বে সম্পন্ন করতে হবে। | প্রধান সহকারী, উচ্চমান সহকারী, ষাট-মুদ্রাক্ষরিক,এবংভেহিকেল ইন্সপেক্টর এই ৪টি পদে পদোন্নতির লক্ষ্যে এসিআর এবং মামলার প্রতিবেদনের জন্য নিয়োগ শাখা হতে পত্র দেয়া হয়েছে। | সভায় আলোচনা হয় যে, পদোন্নতির লক্ষ্যে এসিআর এবং মামলার প্রতিবেদনের তথ্য চেয়ে পত্রটি আরো আগে চাওয়া সম্ভব ছিল। এক্ষেত্রে প্রয়োজনে বিটিসিএলের সাথে একটি সভা অনুষ্ঠান করা যেতে পারে। | পদোন্নতির লক্ষ্যে এসিআর ও মামলার তথ্য এবং কর্মচারীর সার্ভিসবুক সংক্রান্ত একটি সভা বিটিসিএলের সাথে অনতিবিলম্বে অনুষ্ঠান করতে হবে। প্রশাসন অনুবিভাগের তত্ত্বাবধানে এ সভার আয়োজন করতে হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ (খ) | পদোন্নতি সংক্রান্ত গঠিত কমিটির কাজের অগ্রগতি | খ) কমিটির আহবায়ক জানান যে, নীতিমালা শব্দটি থাকলে মন্ত্রণালয় হতে অনুমোদনের আবশ্যকতা তৈরি হতে পারে। তবে কমিটি পদোন্নতি সংক্রান্ত (প্রশ্নপত্র প্রণয়ন, মূল্যায়ন ইত্যাদি) কার্যপদ্ধতি প্রণয়ন করতে পারে যা মহাপরিচালক কর্তৃক পরবর্তীতে অনুমোদিত হতে পারে।<br>**সিদ্ধান্ত:** খ) ৪ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের মধ্যে পদোন্নতি সংক্রান্ত কার্যপদ্ধতি প্রণয়ন করে দাখিল করতে হবে। | পদোন্নতি সংক্রান্ত কার্যপদ্ধতি প্রণয়নপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। | সভায় উপপরিচালক (নিয়োগ) জানান যে, কমিটি হতে প্রাপ্ত পদোন্নতি সংক্রান্ত কার্যপদ্ধতিটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে। | প্রশাসন অনুবিভাগ অতিসত্বর পদোন্নতি সংক্রান্ত কার্যপদ্ধতিটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। |

৩) ডিসেম্বর/২০২২ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | সিটিডিআর সেন্টারের প্রতিবেদন | ১) বর্তমানে ইন্টারনেট চাহিদা দ্রুত বৃদ্ধি পাওয়ায় এবং সিটিডিআর, ডিওটি-এর হাতে স্পেয়ার না থাকায় IIG সমূহ কর্তৃক ব্যবহৃত সকল ব্যান্ডউইড্থ মনিটর করা সম্ভব হচ্ছে না। নতুন প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>২) CTDR Maintenance Cotract May’2022 –এ সমাপ্ত হয়েছে। নতুন করে AMC করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | সভায় AMC এর প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (পিএসটিএন ও গেটওয়ে) জানান যে, AMC করা না থাকলে সফটওয়ার আপডেট নিয়মিতভাবে করা যায় না। অন্যদিকে AMC করার ফলে ভেন্ডরদের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায় মর্মে সভায় আলোচনা হয়। সভায় বাস্তবায়নাধীন সিটিডিআর ফেইজ-২ প্রকল্প থেকে AMC এর scope প্রয়োজন অনুযায়ী নির্ধারণের পরামর্শ দেয়া হয়। | এ বিষয়ে একটি সভা জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে ডিসেম্বর, ২০২২ এর মধ্যে অনুষ্ঠান করতে হবে। | পরিচালক (পিএসটিএন ও গেটওয়ে) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২) | সিটিডিআর ফেইজ-২ প্রকল্প | সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন। | সিটিডিআর ফেইজ-২ প্রকল্প হতে জানানো হয় যে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে ১ম ও ২য় কিস্তি মিলিয়ে ৪.৬৬ কোটি টাকা অর্থ ছাড়ের জন্য অর্থ বিভাগে গত ১৪.১১.২০২২ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছিল যার প্রেক্ষিতে ৩৫৭.৬৩ লক্ষ টাকা ( রাজস্ব ৩৮.৮৮ এবং ৩১৮.৭৫ লক্ষ টাকা) টাকা অর্থ ছাড়ের সম্মতি পাওয়া গেছে।<br>প্রকল্পের আওতায় তিনটি ক্রয় প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া অতিশীঘ্র শুরু করা হবে।<br>প্রকল্পের ডিপিআইসহ প্রকল্পের মূল যন্ত্রপাতি ক্রয়ের প্যাকেজটির কারিগরি বিনির্দেশ প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। দাপ্তরিক ব্যয় প্রাক্কলন কমিটি’র কাজ চলমান রয়েছে। কারিগরি বিনির্দেশ ও দাপ্তরিক ব্যয় প্রাক্কলন পাওয়া গেলে টেন্ডার করা হবে। | প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। প্রকল্পের আওতাধীন ক্রয় প্যাকেজসমূহের প্রকিউরমেন্ট প্লান মহাপরিচালক মহোদয়ের নিকট ডিসেম্বর ২০২২ এর মধ্যে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ প্রকল্প। |
| ৩) | টেলিযোগাযোগ অধিদপ্তরের ভবিষ্যৎ পরিকল্পনা | নভেম্বর/২০২২ মাসে টেলিযোগাযোগ অধিদপ্তরের ভবিষ্যৎ পরিকল্পনা ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হয়েছে। | টেলিযোগাযোগ অধিদপ্তর হতে নভেম্বর/২০২২ মাসে পিটিডিতে প্রেরিত ভবিষ্যত পরিকল্পনার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। অধিদপ্তরে লোকবলের স্বল্পতা রয়েছে, তা সত্ত্বেও কোন ডেস্ক কি কাজ করবে তা নির্ধারণ করা জরুরি। এ বিষয়ে ইতোমধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তরে একটি সভা অনুষ্ঠিত হয়েছে, এবং ২৫টি কাজ পরিচালক পর্যায়ের কর্মকর্তাদের উপর অর্পণ করা হয়েছে। | জানুয়ারি ২০২৩ মাসের প্রথম সপ্তাহে একটি পর্যালোচনা সভা করতে হবে। | ক) অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪) | নভেম্বর/২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ৩১টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ৩৩টি আবেদনের ১টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৪৯টি আবেদনের মধ্যে মাসান্তে ৩টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১৭৯ টি জিপিএফ আবেদনের মধ্যে ৫৭টি আবেদন জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৮১টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৩২টি। প্রক্রিয়াধীন আছে ৪৯টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক প্রাপ্ত আবেদনের মধ্যে ১টি করে আবেদন প্রক্রিয়াধীন আছে।<br>ছ) নন-ক্যাডার ১৮৯ জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | | সেবা মনিটরিং কমিটি |
| ৪) | বিবিধ | ক) সিটিডিআর সেন্টারের উপর উপস্থাপনা।<br>খ) জনাব আজাদ মিয়া, বিভাগীয় প্রকৌশলীকে সিটিডিআর ফেইজ-২ প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক-১ হিসেবে পদায়ন। | ক) সভায় জানানো হয় যে, সিটিডিআর সেন্টারের পদসৃজনের বিষয়ে প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।<br>খ) সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক-১ জনাব আজাদ মিয়া, বিভাগীয় প্রকৌশলীকে পিটিডি হতে পদস্থাপন আদেশ করা হয়েছে। তিনি এখনও প্রকল্পে যোগদান করেননি। | ক) এ বিষয়ে বিগত সভার নির্দেশনা মোতাবেক কমিটি গঠনের আদেশ জারি করতে হবে।<br>খ) কর্মকর্তা যথাসময়ে যোগদান না করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রশাসন অনুবিভাগ।<br>খ) প্রশাসন অনুবিভাগ। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৮৬

তারিখ: ৩ পৌষ ১৪২৯
১৮ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৭) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক